



আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)

প্রতিরক্ষা মন্ত্রণালয়

ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২

www.ispr.gov.bd

সংবাদ বিজ্ঞপ্তি



নং ২৩.১৬.০০০০.০০৯.২৩.০০৩.২৩

তারিখ: ২২-০৪-২০২৩

পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে পার্বত্য চট্টগ্রামের দুর্গম আর্মি ক্যাম্প পরিদর্শন করলেন সেনাবাহিনী প্রধান

ঢাকা, ২২ এপ্রিল ২০২৩: ঢাকাসহ সকল সেনানিবাসে যথাযথ ভাবগাম্ভীর্য এবং আনন্দ উদ্দীপনার মধ্য দিয়ে আজ শনিবার (২২ এপ্রিল ২০২৩) ঈদ-উল-ফিতর পালিত হয়। সকালে সেনাবাহিনী প্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ, এসবিপি (বার), ওএসপি, এনডিইউ, পিএসসি, পিএইচডি ঢাকা সেনানিবাসের কেন্দ্রীয় মসজিদে ঈদের নামাজ আদায় শেষে সেনাবাহিনীর সকল স্তরের কর্মকর্তাগণ, জেসিও এবং অন্যান্য পদবির সৈনিকদের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন।

পরবর্তীতে সেনাবাহিনী প্রধান পার্বত্য চট্টগ্রামের দুর্গম এলাকায় মোতায়েনরত সেনাসদস্যদের সাথে ঈদের শুভেচ্ছা ও কুশল বিনিময়ের উদ্দেশ্যে বামে লংগদু আর্মি ক্যাম্প এবং রাঙামাটি রিজিয়ন সদর দপ্তর পরিদর্শন এবং উভয় ক্যাম্পেই গাছের চারা রোপন করেন।

এ সময় জেনারেল অফিসার কমান্ডিং ২৪ পদাতিক ডিভিশন ও এরিয়া কমান্ডার চট্টগ্রাম এরিয়া মেজর জেনারেল মিজানুর রহমান শামীম, বিপি, ওএসপি, বিএএম, এনডিসি, পিএসসি; বাংলাদেশ সেনাবাহিনীর অ্যাডজুটেন্ট জেনারেল মেজর জেনারেল মোঃ নজরুল ইসলাম, এসপিপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি, জি; সেনাসদরের উপধ্বংস কর্মকর্তাগণ; বামে লংগদু আর্মি ক্যাম্প ও রাঙামাটি রিজিয়ন সদর দপ্তরের অন্যান্য কর্মকর্তা; জেসিও; অন্যান্য পদবীর সৈনিকগণ এবং গণমাধ্যম ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সেনাবাহিনী প্রধান রাঙামাটি রিজিয়ন সদর দপ্তরের সকল স্তরের সেনাসদস্যদের সাথে মধ্যাহ্নভোজে অংশগ্রহণ করেন।

উল্লেখ্য, তিনিই প্রথম সেনাবাহিনী প্রধান হিসেবে দুর্গম পাহাড়ি অঞ্চলে দায়িত্বরত সেনা সদস্যদের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময়ের উদ্দেশ্যে ঈদের দিন দুর্গম পাহাড়ী আর্মি ক্যাম্প পরিদর্শনের উদ্যোগ গ্রহণ করেন। সেনাবাহিনী প্রধানের এ উদ্যোগ দুর্গম পাহাড়ী অঞ্চলে কর্মরত সেনাসদস্যসহ অন্যান্য নিরাপত্তা বাহিনীর সদস্যদের মনোবল বহুলাংশে উঁচু করেছে।

স্বাক্ষরিত/-

রাশেদুল আলম খান

সহকারী পরিচালক

পরিচালকের পক্ষে

মোবাঃ ০১৭৬৯০১৭১৯৮